দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 JAN. 2006
পৃষ্ঠা ১১ কলাম ৬

# বদলির ঘটনায় কর্মচারীদের দু'গ্রুপের মধ্যে উত্তেজনা

॥ বরিশাল অফিস ॥

এখানের শিক্ষাবোর্ডের ৪ কর্মচারীর বদলির ঘটনায় তোলপাড় শুরু হয়েছে। এর প্রতিবাদে ১৮ জানুয়ারি কর্মচারীরা শিক্ষাবোর্ড অফিসে বিক্ষোভ মিছিল করে বোর্ড চেয়ারম্যানের নিকট স্মারকলিপি দিয়েছে। কর্মচারীর দু'গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। সরেজমিনে গিয়ে জানা গেছে, ১৬ জানুয়ারি ভারপ্রাপ্ত সচিব আব্দুল জব্বার কর্মচারী সাকিম আলী, পায়েল ঘরামী, সাকিলা আক্তার ও মোস্তফা কামালকে বোর্ডের এক সেকশন থেকে অন্য সেকশনে বদলি করেন। ৪ জনের মধ্যে ৩ জন আদেশ গ্রহণ করলেও মোস্তফা কামাল ঐ আদেশ গ্রহণ করেনি। বদলির আদেশ স্থগিত করার জন্য মোস্তফা কামালের পক্ষে শিক্ষাবোর্ড কর্মচারী সংঘের সাধারণ সম্পাদক চেয়ারম্যানের নিকট চাপ প্রয়োগ করে। ১৮ জানুয়ারি চেয়ারম্যান বদলির আদেশ পরিবর্তন করেন। এতে শিক্ষাবোর্ড কর্মচারী সংঘের সভাপতি শহীদুল ইসলাম ক্ষিপ্ত হয়ে ঐদিনই বোর্ড প্রাঙ্গণে বিক্ষোভ মিছিল করে ও চেয়ারম্যানের নিকট স্মারকলিপি প্রদান করে। এ সময় বোর্ডের নানা অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণেরও দাবি জানানো হয়। এ ব্যাপারে শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যক্ষ আনোয়ারুল হক জানান, কর্মচারীদের সাথে তাদের সমঝোতা হয়েছে। তবে কর্মচারী সংঘের সভাপতি ও সাধারণ সম্পাদকের গ্রুপের লোকজনের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।